

ঠাকুরগাঁও সরকারি কলেজ  
দ্বাদশ শ্রেণির অ্যাডভান্সড ২০২১  
(পুনর্বিন্যাসকৃত সিলেবাস অনুযায়ী)

বিষয় : ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (দ্বিতীয় পত্র)

পূর্ণমানঃ ৩০

(যেকোন ০৩ টি প্রশ্নের উত্তর দাও)

১.সামাদ কোম্পানি লি. এর শ্রমিকরা কোনো সমন্বয় ছাড়াই উৎপাদন কার্য সম্পাদন করে। ফলশ্রুতিতে কোম্পানিটি গত বছরে তাদের লক্ষ্যমাত্রা অর্জন করতে ব্যর্থ হয়েছে। সমস্যাটি অনুধাবন করে লক্ষ্য অর্জনে ব্যবস্থাপক আগামী বছরগুলোর জন্য প্রকৃত পরিকল্পনা তৈরির চিন্তা করলেন।

- ক. ব্যবস্থাপনার সর্বশেষ কাজ কী? ১
- খ. ব্যবস্থাপনা চক্র বলতে কী বোঝায়? ২
- গ. সামাদ কো. লি.এর উৎপাদন সম্পন্ন করার জন্য ব্যবস্থাপনার কোন কার্যের প্রয়োজন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কি মনে করো শৃঙ্খলার গুরুত্ব আরোপ করা যথাযথ?তোমার মতামত দাও। ৪

২.মি.জাকিউল বন্ধন গ্রুপের একজন ব্যবস্থাপক। তিনি তার অধস্তনদের সবাইকে একই চোখে দেখেন। অধস্তনরাও তাকে শ্রদ্ধা করেন। ফলে তাদের মধ্যে পারস্পরিক সম্পর্ক সুদৃঢ় রয়েছে। একদিন অধস্তনদের মধ্যে কাজ করে বিশৃঙ্খলা সৃষ্টি হলে তিনি তার অভিজ্ঞতা ও তীক্ষ্ণ বুদ্ধিমত্তা দিয়ে দ্রুততার সাথে সমস্যা সমাধান করেন।

- ক. ব্যবস্থাপনার নীতি কী? ১
- খ. সাম্যের নীতি বলতে কী বুঝায়? ২
- গ. মি জাকিউলের সমস্যা সমাধানে কোন নীতির প্রয়োগ হয়েছে? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে বিশৃঙ্খলা সৃষ্টি হওয়ার কারণগুলো কী হতে পারে? মতামত দাও। ৪

৩. তিস্তা কলেজের রোভার স্কাউট গ্রুপের সদস্যরা মানবসেবায় নিয়োজিত। তারা তিস্তা পাড়ের বন্যা দুর্গত মানুষের জন্য খাবার স্যালাইন তৈরি করে বিনামূল্যে সরবরাহ করবে। এজন্য এক বছরে বন্যার সময় কী পরিমাণ স্যালাইনের চাহিদা থাকে তার তথ্য সংগ্রহ করছে।

- ক. লক্ষ্য কী? ১
- খ. ভিশন-২০২১ কেন দীর্ঘমেয়াদি পরিকল্পনা, ব্যাখ্যা কর। ২
- গ. রোভার স্কাউট গ্রুপের পরিকল্পনাটি কোন ধরনের? ব্যাখ্যা কর। ৩
- ঘ. তুমি কি মনে কর উক্ত পরিকল্পনার অলোকে গ্রুপটির উদ্দেশ্য বাস্তবায়িত হবে? মতামত দাও। ৪

৪. মি. শাহীন একটি প্রতিষ্ঠানের নির্বাহী পরিচালক। তার অধীনে ৬ জন ব্যবস্থাপক ও ১০ জন শাখা ব্যবস্থাপক আছে। সম্প্রতি কার্যভার বেশি হওয়ায় শাহীনের সিদ্ধান্ত নিতে সমস্যা হচ্ছে। প্রতিষ্ঠান তার কথা চিন্তা করে একজন পরামর্শক নিয়োগ দেয়। যিনি শাহীনকে বিভিন্ন বিষয়ে পরামর্শে সহায়তা প্রদান করে। বর্তমান প্রতিষ্ঠানটির অবস্থা আরও উন্নতি হচ্ছে।

- ক. আনুষ্ঠানিক সংগঠন কী? ১
- খ. সরলরৈখিক ও পদস্থকর্মী সংগঠন বলতে কী বোঝায়? ২
- গ. পরামর্শক নিয়োগের পূর্বে প্রতিষ্ঠানের সংগঠন কাঠামো কীরূপ ছিল? ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে "সংগঠনিক পরিবর্তনের ফলেই প্রতিষ্ঠানের উন্নতি হয়েছে"- মূল্যায়ন কর। ৪

৫. মিসেস রিতা 'কিউ' বলপেন লি. এর মানব সম্পদ ব্যবস্থাপক। কোনো পদ শূন্য হলেই তিনি পদোন্নতির মাধ্যমে পূরণ করার চেষ্টা করেন অথবা মালিকের বা কর্মকর্তাগণের আত্মীয়-স্বজনদের মধ্য হতে কাউকে নিয়োগ দেন। এতে সকল কর্মকর্তা এবং মালিকপক্ষ বেশি খুশি। অথচ ক্রমে ক্রমে প্রতিষ্ঠান লাভের পরিবর্তে লোকসানের দিক ধাবিত হচ্ছে।

- ক. পদোন্নতির ভিত্তি কয়টি? ১
- খ. প্রশিক্ষণ কর্মীদের দক্ষতা বৃদ্ধি করে- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের মানবসম্পদ ব্যবস্থাপক কোন ধরনের উৎস থেকে কর্মী সংগ্রহ করেছেন? ব্যাখ্যা কর। ৩
- ঘ. কর্মী সংগ্রহের উৎসের সাথে ব্যবসায়ের লাভ-লোকসানের কোনো সম্পর্ক আছে কী? ব্যাখ্যা সহ উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪